

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৫৫
আগরতলা ২৮ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
পুরনিগমের উত্তর জোনালে শিবিরের কর্মসূচি

আগরতলা পুরনিগমের উত্তর জোনাল অফিসে সম্প্রতি বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান উপলক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় এই দুই কর্মসূচিতে পুরনিগমের উত্তর জোনাল এলাকায় শিবির করার সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় জানানো হয় আগামী ৪ ডিসেম্বর শ্যামলীবাজার উত্তর জোনাল অফিসে ও ২৮ ডিসেম্বর বড়জলা দেশবন্ধু ক্লাব প্রাঙ্গনে জোনভিত্তিক শিবির অনুষ্ঠিত হবে। সভায় জোনাল উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রদীপ চন্দ, কর্পোরেটরগণ এসিস্টেন্ট মিউনিসিপাল কমিশনার মহেন্দ্র কাশে চাকমা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
